

## **া** লা-তাহ্যান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১২৪. হিংসুকের ক্ষতি থেকে রক্ষা পাওয়ার উপায়

কুরআনের শেষ দু'টি সূরা 'সূরা ফালাক ও সূরা নাস' তেলাওয়াত করুন, আল্লাহর জিকির করুন ও তার নিকট আকুল আবেদন করুন-

"এবং হিংসুক যখন হিংসা করে তখন তার হিংসার ক্ষতি থেকে (আপনার নিকট আশ্রয় চাই)"। (১১৩-সূরা আল ফালাক: আয়াত-৫)

হিংসুক লোকদের থেকে আপনার বিষয়াদি গোপন রাখুন-

"হে আমার পুত্রগণ! (ডাকাত দল বলে মানুষের সন্দেহ হতে পারে এজন্য) তোমরা এক দরজা দিয়ে (শহরে) প্রবেশ করবে না বরং বিভিন্ন দরজা দিয়ে প্রবেশ করবে।" (১২-সূরা ইউসুফ: আয়াত-৬৭)

যে লোক আপনার ক্ষতি করার উদ্যোগ নেয় তার প্রতি উদার হোন, তাহলে সম্ভবত সে (আপনার ক্ষতি করা থেকে) বিরত হবে।

"উত্তম কিছু দ্বারা মন্দকে দূর করুন।" (২৩-সূরা আল মু'মিনূন: আয়াত-৯৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7633

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন